

ডিসেম্বর 9, 2024

উল্লেখিত শিক্ষার্থীর পিতামাতা, _____

প্রিয় _____,

নিউ ইয়র্ক স্টেট পাবলিক হেলথ-এর আইন অনুযায়ী, নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর সকল শিক্ষার্থীকে স্কুলে যেতে হতে হলে আবশ্যিক ইমিউনাইজেশন (প্রতিষেধক টিকা) অবশ্যই হালনাগাদ হতে হবে। আপনাকে যেমনটি জানানো হয়েছে, আপনার সন্তানের বেশ কয়েকটি টিকার (ভ্যাকসিন) আবশ্যিক ডোজ বাকি আছে।

শিক্ষার্থীদের মধ্যে যাদের টিকা হালনাগাদ নেই, তাদের 5 সেপ্টেম্বর, 2024-এর মধ্যে প্রত্যেক টিকা বা ইমিউনাইজেশন সিরিজের প্রথম বয়স-উপযোগী ডোজ নেয়া আবশ্যিক ছিল। অতিরিক্তভাবে, 20 সেপ্টেম্বর, 2024 তারিখের মধ্যে ঐসব শিক্ষার্থীর পিতামাতা যে, বাধ্যতামূলক সবগুলো ডোজের জন্য অ্যাপয়েন্টমেন্ট করেছেন, তা বাধ্যতামূলকভাবে দেখানোর কথা ছিল।

যেহেতু আপনার সন্তানের আবশ্যিক টিকা বা ইমিউনাইজেশন গ্রহণের কাগজপত্র আপনি দাখিল করেননি, সেহেতু বর্তমানে আপনার সন্তানের স্কুলে উপস্থিত হওয়ার অনুমতি নেই। সেই অনুযায়ী, আপনার সন্তানকে অনুপস্থিত হিসেবে লিপিবদ্ধ করা হয়েছে।

আপনাকে আরও অবহিত করা হচ্ছে যে, স্টেটের আইন অনুযায়ী আপনার সন্তান পূর্ণ-দিবস শিক্ষা-নির্দেশনায় অংশগ্রহণ করছে তা আপনাকে বাধ্যতামূলকভাবে নিশ্চিত করতে হবে। আপনার সন্তান বাধ্যতামূলক টিকাগুলো (ইমিউনাইজেশন) পেয়েছে, এই মর্মে কাগজপত্র প্রদানে আপনি ব্যর্থ হলে, আমি আপনাকে 917-339-1793 নম্বরে অথবা homeschool@schools.nyc.gov ইমেইল ঠিকানায় DOE-এর অফিস অভ হোম স্কুলিং-এর সাথে যোগাযোগ করতে উৎসাহিত করছি।

আন্তরিকভাবে,

প্রিন্সিপাল